ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২১৫
বিলোনীয়া, ১৬ এপ্রিল, ২০২৫

**কেন্দ্রীয় প্রতিমন্ত্রীর বিলোনীয়া সফর**

আজ কেন্দ্রীয় সরকারের ভোক্তা বিষয়ক খাদ্য ও গণবন্টন এবং সামাজিক ন্যায় ও ক্ষমতায়ণ মন্ত্রকের প্রতিমন্ত্রী বি এল ভার্মা দুই দিনের বিলোনীয়া সফরে আসেন। প্রথমে তিনি সার্কিট হাউসের কনফারেন্স হলে জেলার বিভিন্ন স্তরের জনপ্রতিনিধিদের সঙ্গে মতবিনিময়ে মিলিত হন। তারপর বিলোনীয়ার সখি ওয়ান স্টপ সেন্টার, ভারতচন্দ্রনগর ব্লকের অমৃত সরোবর, বিলোনীয়ার সাতমুড়াস্থিত ব্রিজ চৌমুহনীতে ১০ নম্বর ন্যায্যমূল্যের দোকান এবং উত্তর সাড়াশিমাস্থিত উপস্বাস্থ্যকেন্দ্র পরিদর্শন করেন ও এলাকাবাসী এবং সংশ্লিষ্ট কার্যালয়ের কর্মীদের সঙ্গে মতবিনিময় করেন। পরিদর্শনকালে তাঁর সঙ্গে ছিলেন দক্ষিণ ত্রিপুরা জেলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের অধিকর্তা তপন দাস, জেলাশাসক ও সমাহর্তা মহম্মদ সাজ্জাদ পি, বিলোনীয়া পুর পরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। পরিদর্শন শেষে কেন্দ্রীয় মন্ত্রী সার্কিটহাউসের কনফারেন্স হলে বিভিন্ন দপ্তরের পর্যালোচনা সভায় অংশগ্রহণ করেন।

*****